



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 16
Class - 2

Subject : Bengali Text
Topic : নিজস্ব সংবাদদাতা

Date : 20.06.2020

১) একই অর্থের শব্দ বেছে নিয়ে নীচের শব্দগুলির পাশে পাশে লেখ।

(সংগ্রহ, দক্ষ, চামড়া, সংবাদ, প্রবৃতি)

ক) ত্বক — চামড়া।

খ) ইচ্ছা — প্রবৃতি।

গ) জোগাড় — সংগ্রহ।

ঘ) খবর — সংবাদ।

ঙ) তুখোড় — দক্ষ।

২) বাক্য রচনা কর।

ক) ঘুড়ি — আমি ঘুড়ি ওড়াতে ভালোবাসি।

খ) শক্ত — লোহা একটি শক্ত ধাতু।

গ) দৌড়ঝাঁপ — আমার মা সারাদিন দৌড়ঝাঁপ করে কাজ করেন।

ঘ) খবর — আমার বাবা রোজ খবরের কাগজ পড়েন।

ঙ) বিশ্বস্ত — পলাশ আমার খুব বিশ্বস্ত বন্ধু।

৩) নিচের বাক্যগুলির পাশে 'ঠিক' বা 'ভুল' লেখ।

ক) আমাকে কখনোই সংবাদদাতারা ছেড়ে যায় না। (ঠিক)

খ) নাকের অপর নাম রসনা। (ভুল)

গ) জিভে ঠেকলে তবেই বুঝি আমটা মিষ্টি। (ঠিক)

ঘ) চোখের সাহায্যে আমরা সবকিছু শুনতে পাই। (ভুল)

ঙ) কোনো জিনিস আড়ালে থাকলেও আওয়াজ শুনে তার খবর পৌঁছে দেয় কান। (ঠিক)

৪) একটি বাক্যে উত্তর দাও।

ক) আমাদের শরীরের সংবাদদাতাদের নামগুলি লেখো।

উঃ আমাদের শরীরের সংবাদদাতাদের নামগুলি হল - চোখ, কান, নাক, ত্বক ও জিভ।

খ) কাদের তুখোড় সংবাদদাতা বলা হয়েছে?

উঃ চোখ, কান, নাক এদের তুখোর সংবাদদাতা বলা হয়েছে।

গ) কোন্ সংবাদদাতা আমাদের কোনো জিনিসের গন্ধ পাইয়ে দেয়?

উঃ নাক আমাদের কোনো জিনিসের গন্ধ পাইয়ে দেয়।

ঘ) 'ঠাণ্ডা বাতাস বইছে'— এটা বোঝার জন্য কোন্ সংবাদদাতার সাহায্য দরকার?

উঃ 'ঠাণ্ডা বাতাস বইছে'— এটা বোঝার জন্য ত্বকের সাহায্য দরকার।

ঙ) চামড়ার ভালো নাম কী?

উঃ চামড়ার ভালো নাম ত্বক।